

‘কৃষিই সমৃদ্ধি’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
অতিরিক্ত পরিচালক এর কার্যালয়
ঢাকা অঞ্চল, ঢাকা
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.dhakadiv.gov.bd

স্মারক নং-১২.১৬.০০০০.০৩৯.১১.৫০৩.২৩- ৭৬-(২৬৬)


তারিখ- ০৭/০২/২০২৬

প্রাপক

বিষয়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণীর ১৪ (চৌদ্দ) ক্যাটাগরির পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ প্রসঙ্গে।
সূত্রঃ মহাপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকা’র স্মারক নং-১২.০১.০০০০.৩৮.১১.০০৫.২০১৮(খন্ড-৩)-৯১ তারিখ- ০৯-০১-২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রীয় স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে আপনাকে ‘.....’ পদে প্রাথমিকভাবে নির্বাচিত করায় পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করার লক্ষ্যে আপনার অনলাইন চাকুরীর আবেদন পত্রের কপি, আবেদন পত্রের সাথে দাখিলকৃত পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি, সকল সনদ পত্রের/রেকর্ড-পত্রাদির ০২ (দুই) সেট সত্যায়িত কপি এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চারিত্রিক সনদ পত্রসহ আগামী ১২-০১-২০২৩খ্রিঃ তারিখের মধ্যে আপনাকে স্ব-শরীরে নিম্ন-স্বাক্ষরকারী কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীগণ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদ/সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি, গেজেটের সত্যায়িত কপি, মুক্তিবার্তার সত্যায়িত কপি, প্রার্থীর জাতীয় পরিচয় (এনআইডি) পত্রের সত্যায়িত কপি, প্রার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয় (এনআইডি) পত্রের এবং নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের সনদ পত্রের সত্যায়িত কপি (নাতি/নাতনির ক্ষেত্রে), মুক্তিযোদ্ধার জন্ম তারিখের স্বপক্ষে জন্ম সনদ/এসএসসি সনদ/এনআইডি’র সত্যায়িত কপি, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যুর সনদ পত্রের সত্যায়িত কপি(অনলাইনে যাচাইযোগ্য) পৃথক পৃথক ৪ (চার) সেট (স্পষ্ট ফটোকপি) রেকর্ড-পত্রাদি অত্র কার্যালয়ে জমা প্রদান করবেন।


এস. এম. সোহরাব উদ্দিন
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
ফোনঃ ০২২২২৪৪২০৫৫

অনুলিপিঃ কার্যার্থে

- ১। মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা, অত্র কার্যালয়। পত্রটি অত্র কার্যালয়ের ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ২। নোটিশ বোর্ড।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন ও অর্থ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।